

আমার এই মনকে মাজি, —রোজই

তবু মনের জং না কাটে ॥

১। মনরে মোর বুঝাই,

ছাড় হিংসা আভিজাত্য,

যাবিনে, কাম কুহকীর স্বর্ণ খাটে ।

থাক সামাল সামাল, ছাড় গোলমাল,

গোলমালে পতন ঘটে ॥

২। মন আমার রয় না খাঁটি

হয় না সেই মাপের কাঠি,

চিরদিন ঐ খেদে মোর — বক্ষ ফাটে ।

হয়ে ছন্নমতি ক্ষুন্নগতি

ঘুরে বেড়াই ভবের হাটে ॥

৩। এতদিন ভাবি যারে,

সেই মানুষ মনে করে,

অকস্মাৎ কোথা হতে এল ছোটে ।

আমার মন যারে চায়—পাই পরিচয়,

সেই মানুষ চাঁদ গোপাল বটে ॥

৪। গোপাল কয় যাদুমণি,

রাখিস্ তুই আমার বাণী

পড়ে থাক্ পিয়ার চাঁদের চরণ তটে ।

তবে ফিরবে কপাল—ঘটবে সুফল,

ভবের হাটে ॥

—বরদা